



অধ্যক্ষের কার্যালয়

# আলিমুদ্দিন ডিগ্রী কলেজ

ALIMUDDIN DEGREE COLLEGE

হাতীবান্ধা, লালমনিরহাট।

স্থাপিত-১৯৭০ খ্রীঃ

ই-মেইল-alimuddindegreecollege.bd@gmail.com

ওয়েব সাইট-hatibandhaucollege.edu.bd

## বিশেষ বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের ২০১৭-২০১৮ শিক্ষা বর্ষের উচ্চ মাধ্যমিক ১ম বর্ষের সকল ছাত্র/ছাত্রীদের জানানো যাচ্ছে যে, বায়োমেট্রিক্স পদ্ধতিতে তাদের দৈনন্দিন উপস্থিতি নিশ্চিত করণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। সকল ছাত্র/ছাত্রীদেরকে প্রত্যেক দিন কলেজে আসার সময় ০১ (এক) বার এবং ক্লাস শেষ করে কলেজে হতে যাওয়ার সময় ০১ (এক) বার ফিঙ্গার প্রিন্ট মেশিনে নিজ নিজ ফিঙ্গার প্রিন্ট দিয়ে উপস্থিতি নিশ্চিত করার জন্য বলা হলো। এর অতিরিক্ত ফিঙ্গার প্রিন্ট দেওয়া যাবেনা। যে সমস্ত ছাত্র/ছাত্রী এখনও তাদের ফিঙ্গার প্রিন্ট দিয়ে রেজিস্ট্রেশন করেনি তাদেরকে অতিসত্বর কলেজ অফিসে যোগাযোগ করে ফিঙ্গার প্রিন্ট দিয়ে রেজিস্ট্রেশন করার জন্য বলা হলো।

শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার শর্তাবলী :

০১। ফিঙ্গার প্রিন্ট দেওয়ার সময়ঃ কলেজ চলাকালিন সময় সকাল ৯.০০ টা হতে ১০.৩০ মিনিট এবং ক্লাস শেষ করে যাওয়ার সর্বশেষ সময় বিকাল ৩.৩০ মিনিট। এই দুই বারের বেশি ফিঙ্গার প্রিন্ট দিলে প্রতি ফিঙ্গার প্রিন্ট এর জন্য জরিমানা করা হবে।

০২। প্রত্যেক ছাত্র/ছাত্রীকে কম পক্ষে মোট ক্লাসের ৮০% উপস্থিতি থাকতে হবে। এর নিম্নে উপস্থিতি থাকলে উপবৃত্তির জন্য কোনক্রমেই নির্বাচিত হবে না। এবং ৮০% এর কম উপস্থিতির জন্য সে নন-কলেজিয়েট/ডিস-কলেজিয়েট শিক্ষার্থী হিসেবে বিবেচিত হবে।

০৩। মোট ক্লাসের ৮০% এর নিম্নে উপস্থিতি থাকলে কলেজ কর্তৃক ধার্যকৃত জরিমানা প্রদান করতে হবে।

০৪। মোট ক্লাসের ৬০% এর নিম্নে উপস্থিতি থাকলে ১ম বর্ষ হতে ২য়বর্ষে উত্তীর্ণ হতে পারবে না।

০৫। কলেজ কর্তৃক নির্ধারিত ইউনিফর্ম পরে কলেজে আসতে হবে।

(মোঃ সরওয়ার হায়াত খান)

অধ্যক্ষ

আলিমুদ্দিন ডিগ্রী কলেজ

হাতীবান্ধা, লালমনিরহাট।